

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০২৪.১৯.৫২

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩০

০৯ মে ২০২৩

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)”
শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৩য় বারের মতো ০৬ (ছয়) মাস মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র: পরিকল্পনা কমিশনের পত্র নং-২০.০২.০০০০.০১৬.১৪.০১১.১৯/৫০৬, তারিখ: ১০/০৪/২০২৩ খ্রি:।

আমি, নিম্নস্বাক্ষরকারী, নির্দেশক্রমে ডিসেম্বর ২০১৫ হতে ডিসেম্বর ২০২২ মেয়াদে ৩২০২৩.০০ লক্ষ (তিনশত বিশ কোটি তেইশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নাত্মক “যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ ৩য় বারের মতো ০৬ (ছয়) মাস অর্থাৎ ডিসেম্বর ২০১৫ হতে জুন ২০২৩ পর্যন্ত বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন নিম্নোক্ত শর্তে জ্ঞাপন করছি:

শর্তাবলি:

(ক) প্রকল্পটির মোট ২৯ টি অঞ্জের ২৪ টি অঞ্জের নির্মাণ কাজ ১০০% সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট ৫টি মুন্সী মেহেরুল্লা ছাত্র হল (৯২%), ২য় ছাত্রী হল (৯০%), ফায়ার ডিটেকশন এন্ড প্রোটেকশন সিস্টেম (৩০%), ১৪টি লিফট সংগ্রহ ও স্থাপন এবং গ্লাস হাউস নির্মাণ কাজ প্রস্তাবিত বর্ধিত সময়ের মধ্যে অনুমোদিত আরডিপিপি এর স্পেসিফিকেশন অনুযায়ী সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

(খ) মুন্সী মেহেরুল্লা ছাত্র হল নির্মাণ (১০তলা ভিতের উপর ১০তলা, ১০০০ আসন) কার্যক্রম সরেজমিনে পরিদর্শনে কোন কোন ফ্লোরের কক্ষগুলো বারান্দা থেকে ২/৩ ইঞ্চি নিচু দেখতে পাওয়া যায়। আবার কোন কোন ফ্লোরের কক্ষগুলো বারান্দার একই লেভেলে দেখা গেছে। একই ভবনের ডিজাইনে এরূপ বৈসাদৃশ্য থাকার বিষয়টি গ্রহণযোগ্য নয়। এ বিষয়ে একটি কারিগরি তদন্ত কমিটি গঠন করে অনুমোদিত আরডিপিপির ডিজাইনের সাথে বিচ্যুতিগুলো পর্যবেক্ষণপূর্বক ফ্লোরের ডিজাইন সংশোধন করতে হবে;

(গ) প্রকল্পের অধীনে ২য় ছাত্রী হল নির্মাণে (১০তলা ভিতের উপর ১০তলা, ১০০০ আসন)-এর নিচতলা (Ground Floor) এবং বেলকুনি/বারান্দায় নিম্নমানের ইট ব্যবহার করে নির্মাণ কাজ পরিচালনা করতে সরেজমিন পরিদর্শনে দেখা গেছে। এক্ষেত্রে নিম্নমানের ইট অপসারণপূর্বক গুণগত মান সম্পন্ন ১ম শ্রেণির ইট ব্যবহার হবে;

(ঘ) সরেজমিনে পরিদর্শনে প্রকল্পে ২য় ছাত্রী হল (১০তলা ভিতের উপর ১০তলা) দেয়ালের (Wall) কিছু কিছু

জায়গায় সঁাতসঁাতে (Damp) অবস্থা পর্যবেক্ষণ করা হয়েছে। নির্মাণাধীন ২য় ছাত্রী হলসহ অন্যান্য ভবনের দেয়ালে (Wall) কেন সঁাতসঁাতে (Damp) হয়েছে তার কারণ সনাক্ত করে সেগুলোর প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঙ) প্রকল্পটি প্রস্তাবিত বর্ধিত মেয়াদ জুন, ২০২৩ এর মধ্যে অবশিষ্ট ৬% কাজ সমাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিতকরণসহ নির্মাণ কাজের কাঙ্ক্ষিত গুণগতমান বজায় রাখতে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে।

(চ) যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে এক অঞ্লের অর্থ অন্য অঞ্লে ব্যয় করা যাবে না এবং অঞ্জ ও অঞ্জাভিত্তিক ব্যয়ের কোন পরিবর্তন করা যাবে না, এবং

(ছ) প্রকল্পটি সমাপ্ত ঘোষণার পর যথাসময়ে (প্রকল্প ৩ মাসের মধ্যে) প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

...



১০-৫-২০২৩

নুসরাত জাহান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৫৫১০০৬১৪

ইমেইল:

planning.sec4@shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০২৪.১৯.৫২/১(১০)

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩০
০৯ মে ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬) উপাচার্য, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর।
- ৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) প্রকল্প পরিচালক, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প, যশোর।
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



১০-৫-২০২৩

নুসরাত জাহান
সিনিয়র সহকারী সচিব